

মানসম্মত শিক্ষা : আগামী প্রজন্মের শিক্ষক
মূল প্রতিবেদনের সারসংক্ষেপ

গবেষণা দল

মনজুর আহমদ (প্রধান গবেষক)

মোস্তাফিজুর রহমান

মামুনুর রশিদ

সাদিয়া রীতু

সম্পাদনা পর্ষদ

শফি আহমেদ

রাশেদা কে. চৌধুরী

প্রকাশনায়



গণসাক্ষরতা অভিযান

সহযোগিতায়



Oxfam Bangladesh

OXFAM

প্রথম প্রকাশ

ডিসেম্বর ২০১৫

গ্রন্থস্বত্ব

গণসাক্ষরতা অভিযান

প্রচ্ছদ

ইব্রাহিম

অলংকরণ ও মুদ্রণ

ম্যাসিভ

আইএসবিএন: ৯৭৮-৯৮৪-৩৪-০১৬১-৮

প্রকাশক

রাশেদা কে. চৌধুরী

নির্বাহী পরিচালক

গণসাক্ষরতা অভিযান

৫/১৪, হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন: ৯১৩০৪২৭, ৫৮১৫৫০৩১, ৫৮১৫৩৪১৭, ৮১৪২০২৪-৫

ফ্যাক্স: ৫৮১৫৭৯৭১

ইমেইল: info@campebd.org

ওয়েব : www.campebd.org

১. ভূমিকা

ক. একক বৃহত্তম পেশাগোষ্ঠী


মাধ্যমিক স্তর-পরবর্তী শিক্ষিত জনগোষ্ঠীর জন্য শিক্ষকতা বর্তমানে দেশের একক বৃহত্তম পেশা। দেশের কলেজ এবং বিশ্ববিদ্যালয় উত্তীর্ণ স্নাতকদের এক তৃতীয়াংশের বেশি শিক্ষকতা পেশায় নিয়োজিত। উল্লেখ্য যে, পরিমাণগত ও গুণগত চাহিদা পূরণের জন্য শিক্ষিত জনগোষ্ঠীর শিক্ষকতা পেশায় আসা প্রয়োজন। শুধু শিক্ষকতা পেশার জন্যই একটি স্বতন্ত্র, সমন্বিত এবং সুসংহত জনশক্তি উন্নয়ন নীতি, কৌশল এবং পরিকল্পনা থাকা উচিত।

বর্তমানে বাংলাদেশের স্নাতক-উত্তীর্ণ জনগোষ্ঠীর কাছে পছন্দের ক্ষেত্রে শিক্ষকতা পেশা সর্বনিম্ন অবস্থানে রয়েছে। সম্ভবত কোন পিতা-মাতাই এখন চাননা যে, বড় হয়ে তাঁদের সন্তান প্রাথমিক বা মাধ্যমিক স্তরের শিক্ষকতাকে পেশা হিসেবে গ্রহণ করুক। অপর দিকে, জার্মানি, কোরিয়া, সুইজারল্যান্ড, স্পেন এবং সিঙ্গাপুরের মতো দেশগুলোতে বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণদের জন্য শিক্ষকতা হচ্ছে সবচেয়ে বেশি বেতনের চাকুরির অন্যতম এবং বেশিরভাগ ও.ই.সি.ডি (Organisation for Economic Co-operation and Development) অন্তর্ভুক্ত দেশের জন্য সর্বাধিক কাঙ্ক্ষিত চাকুরি।

খ. গবেষণার উদ্দেশ্য এবং পরিসর

- প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা এবং পেশাগত প্রশিক্ষণের বিষয়বলীর গুণগত এবং সংখ্যাগত দিক বিশ্লেষণাত্মকভাবে বিচার করা;
- শিক্ষকদের মান উন্নয়নে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করা;
- একবিংশ শতাব্দীর শিক্ষকের গুণাবলী কি হওয়া উচিত তা বিবেচনা করা;
- পর্যাপ্ত সংখ্যক মেধাবী তরুণকে শিক্ষকতা পেশায় আকর্ষণ এবং স্থায়ীকরণের পথ অনুসন্ধান করা;
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং নীতি-নির্ধারকদের উদ্বুদ্ধ করার জন্য এ্যাডভোকেসি কৌশল এবং কর্মপন্থা সুপারিশ করা।

চিত্র ১: কর্মরত শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীর সংখ্যা



সূত্র: গবেষকদের অনুমিত হিসাব

গ. গবেষণা পদ্ধতি

এই গবেষণায় দ্রুত মূল্যায়ন (Rapid Appraisal) পদ্ধতি অনুসরণ করে ২৫টি জেলায় মাঠ পর্যায় থেকে প্রাথমিক তথ্য সংগ্রহ করা হয়েছে। তথ্য সংগ্রহে গুণগত ও সংখ্যাগত উভয় ধরনের গবেষণা পদ্ধতি ব্যবহার করা হয়েছে। গুণগত তথ্য সংগ্রহের জন্য একটি কার্ঠামোবদ্ধ প্রশ্নপত্র ব্যবহার করে প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়ের ৫০০ জন শিক্ষকের কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রশ্নপত্রটি উত্তরদাতার জনমিতিক তথ্য, ব্যক্তিগত বৈশিষ্ট্য, শিক্ষাগত যোগ্যতা এবং পেশাগত প্রশিক্ষণের প্রকৃত তথ্য, কর্মক্ষেত্রের অবস্থা, কাজের পরিবেশ এবং সর্বশেষে শিক্ষকদের কর্মদক্ষতার উপর প্রভাব বিস্তারকারী বিষয়গুলো সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি বোঝার জন্য ব্যবহার করা হয়েছে। বিভিন্ন অংশীজন যেমন, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সাথে ১২৫টি দলীয় আলোচনার মাধ্যমে গুণগত তথ্য সংগ্রহ করা হয়েছে। এছাড়া বাংলাদেশের প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের শিক্ষকদের বিভিন্ন সংগঠনের প্রতিনিধিদের নিয়ে জাতীয় পর্যায়ে একটি কর্মশালার আয়োজন করা হয়েছে যা থেকে গুণগত তথ্য সংগ্রহ করা হয়েছে।

২. আন্তর্জাতিক প্রেক্ষাপট

এটি সাধারণ ভাবে স্বীকৃত যে, কোন শিক্ষাব্যবস্থাই শিক্ষককে বাদ দিয়ে উন্নত হতে পারে না। ইউনেস্কো পরিসংখ্যান ইনস্টিটিউটের হিসেব অনুযায়ী ২০২০ সালের মধ্যে সার্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জন করতে হলে দেশগুলোকে প্রাথমিক স্তরে ১ কোটি ২৬ লাখ শিক্ষক নিয়োগ করতে হবে। শিক্ষক চাহিদার সংখ্যা বেড়ে গিয়ে ২০৩০ সালে তা ২ কোটি ৭৩ লাখে দাঁড়াবে। অনেক দেশেই সকলের জন্য যোগ্যতাসম্পন্ন শিক্ষকের স্বল্পতা মানসম্মত শিক্ষা অর্জনের পথে বাধা হয়ে দাঁড়াচ্ছে।

প্রাথমিক এবং মাধ্যমিক স্তরে পৃথিবীর সাত কোটি শিক্ষকের অর্ধেকেরও বেশি শিক্ষক (শতকরা ৫৬ ভাগ) রয়েছেন এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে। একটি মানসম্মত শিক্ষা ব্যবস্থার জন্য যোগ্যতাসম্পন্নদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট করতে হবে, ধরে রাখতে হবে এবং শ্রেণিকক্ষে তাঁদেরকে সহায়তা দিতে হবে, পাশাপাশি তাদের জন্য চলমান পেশাগত উন্নয়ন প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।

টেকসই উন্নয়ন লক্ষ্য-৪ ‘সবাইকে অন্তর্ভুক্ত করে সমতাভিত্তিক ও মানসম্মত শিক্ষা এবং সবার জন্য জীবনব্যাপী শেখার সুযোগ সৃষ্টি করা’-এই নির্দেশনা দেয় যে, পর্যাপ্ত সংখ্যক যথাযথ দক্ষতা এবং যোগ্যতাসম্পন্ন শিক্ষক প্রাপ্তির বিষয়ে অধিক গুরুত্ব দিতে হবে। এই লক্ষ্যের মধ্যেই একটি নতুন লক্ষ্যমাত্রা হল ১২ বছর ব্যাপী শিক্ষার বিধান নিশ্চিত করতে হবে। এ কারণে শিক্ষকের সংখ্যা এবং তাদের মান বৃদ্ধির চাহিদা আরও বাড়বে।

দুর্বল শিক্ষার্থীকে সহায়তা দেয়া শিক্ষকের কাছে কী অর্থ বহন করে এবং এক্ষেত্রে শিক্ষকের করণীয় বিষয়টি নতুনভাবে গুরুত্বের সাথে আবারো আলোচনায় উঠে এসেছে। শিক্ষার মান এবং শিক্ষকতা সম্পর্কিত প্রকাশনা ও গবেষণা নির্দেশ করে যে, ভালো মানের শিক্ষাদানের জন্য শিক্ষকই হচ্ছেন মূল নিয়ামক।

২০১৩/৪ সালের সবার জন্য শিক্ষার বৈশ্বিক পরিবীক্ষণ প্রতিবেদনে (জিএমআর, ইউনেস্কো ২০১৪) সকলের জন্য মানসম্মত শিক্ষা অর্জনের জন্য চারটি প্রয়োজনীয় কৌশল চিহ্নিত করা হয়েছে। প্রথমত, ‘সবচেয়ে উপযুক্তদেরকে’ শিক্ষক হিসেবে নির্বাচন এবং নিয়োগ করা যার ফলে তাদের মধ্যে হবু শিক্ষার্থীদের বৈচিত্র্যময়তা শিক্ষকদের মধ্যে প্রতিফলিত হয়। দ্বিতীয়ত, শিক্ষকদের প্রশিক্ষণের উন্নয়ন করা যাতে তারা দুর্বল শিক্ষার্থীদের সহায়তা দিতে পারে। তৃতীয়ত, যে এলাকা এবং জনগোষ্ঠীর জন্য শিক্ষক সবচেয়ে বেশী দরকার এমন জায়গায় শিক্ষক নিয়োগ দেয়া এবং এক্ষেত্রে দূরবর্তী ও গ্রাম এলাকায় নিয়োগদানে যত্নবান হওয়া। চতুর্থ কৌশল হচ্ছে কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রণোদনার মাধ্যমে শিক্ষকদের শিক্ষকতা পেশায় যুক্ত রাখার জন্য উৎসাহিত করতে হবে।

শিক্ষকতা পেশায় শিক্ষকদের অব্যাহত আগ্রহ সৃষ্টির বিষয়টি তার মর্যাদা, কাজের অবস্থা ও পরিবেশ এবং কাজের মাধ্যমে প্রাপ্ত সন্তুষ্টির সাথে সম্পর্কযুক্ত। ওইসিডি’র এডুকেশন ইন্ডিকেটরস ইন ফোকাস সিরিজে বিশেষভাবে চিহ্নিত করা হয়েছে যে, শিক্ষকতাকে কাজ্জিত পেশা হিসেবে গড়ে তোলা এবং যোগ্য ব্যক্তিকে আকর্ষণ এই পেশার বেতন, নিয়োগ প্রক্রিয়া এবং স্থায়ীকরণের পদ্ধতি দ্বারা সরাসরি প্রভাবিত হয়।

এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য ২০১৫-উত্তর শিক্ষা এজেন্ডা সংক্রান্ত ব্যাংকক বিবৃতিতে বলা হয়েছে, শিক্ষার সকল স্তর এবং ক্ষেত্রে অবশ্যই এমন প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে যাতে সকল শিক্ষার্থী যোগ্য, পেশাদারভাবে প্রশিক্ষণ প্রাপ্ত, উৎসাহি, নিবেদিত, যথাযথ সমর্থনপ্রাপ্ত এবং উপযুক্ত শিক্ষণ পদ্ধতি ব্যবহার দক্ষ শিক্ষকদের কাছে শেখার সুযোগ পায়।

৩. বাংলাদেশে জাতীয় পর্যায়ে শিক্ষকতা এবং শিক্ষক বিষয়ে সাধারণ চিত্র

ক. প্রাথমিক শিক্ষা

বার্ষিক প্রাথমিক বিদ্যালয় জরিপ ২০১৩ অনুযায়ী প্রাথমিক শিক্ষায় নিয়োজিত মোট শিক্ষক সংখ্যা ৪৬৬,৫০৮ জন (সকল ধরনের ১০৬,০০০ প্রাথমিক বিদ্যালয়ে)। এদের মধ্যে ৫৭ শতাংশ নারী শিক্ষক। প্রাথমিক স্তরে প্রধান দুই ধরনের বিদ্যালয়-সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং নতুন ভাবে জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নারী শিক্ষকের হার যথাক্রমে ৬৪ শতাংশ এবং ৪৫ শতাংশ (বক্স ১)।

প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি-২ এর আওতায় ছয় বছরে প্রায় ৪৫,০০০ শিক্ষক নিয়োগ করা হয়। গণসাক্ষরতা অভিযানের ২০১৪

বক্স ১: এক নজরে বাংলাদেশের শিক্ষক

- ২০১৩ সালে প্রাথমিক স্তরে শিক্ষক ৪৬৬,৫০৮ জন (সবধরনের ১০৬,০০০টি বিদ্যালয়ে);
- প্রাথমিক স্তরে নারী শিক্ষক ৫৭%, সরকারি প্রাথমিক: ৬৪%, নতুন জাতীয় করণকৃত: ৪৫%;
- মাধ্যমিক শিক্ষক জরিপ ২০১৪ অনুসারে, সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় মোট ২৮,২৫৩টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ৩১২, ৪৭৯ জন শিক্ষক কর্মরত আছেন;
- এর মধ্যে ৬৬% স্কুলে, ২৮% মাদ্রাসায়, এবং ৬% কলেজে কর্মরত;
- নারী শিক্ষকের হার ২১% (২৪% স্কুলে, ৩৫% স্কুল ও কলেজে এবং ১২% মাদ্রাসায়)।

সূত্র: ডিপিই, বার্ষিক প্রাথমিক বিদ্যালয় জরিপ ২০১৩;
ব্যানবেইস, শিক্ষক জরিপ ২০১৪

সালের এডুকেশন ওয়াচ জরিপ অনুযায়ী ৩০.৮ শতাংশ সরকারি প্রাথমিক এবং ২২.৭ শতাংশ নতুন জাতীয় করণকৃত প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক প্রতি ৪০ বা তার কম সংখ্যক শিক্ষার্থী রয়েছে। অর্থাৎ ৬৯ থেকে ৭৭ শতাংশ বিদ্যালয়ে প্রতি শিক্ষকের জন্য শিক্ষার্থী সংখ্যা চল্লিশোর্ধ। প্রাথমিক স্তরে শিক্ষকতার জন্য শিক্ষকের ন্যূনতম পেশাগত চাহিদা সি-ইন-এড প্রশিক্ষণ রয়েছে এমন শিক্ষকের সংখ্যা ২০১০ সাল থেকে প্রায় ৮৩ শতাংশের কাছাকাছি রয়েছে। প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি-৩ এর আওতায় ২০১৭ সালের মধ্যে এই সংখ্যা ৯৫ শতাংশে উন্নীত করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

খ. মাধ্যমিক শিক্ষা

ব্যানবেইস পরিচালিত ২০১৪ সালের এক শিক্ষক জরিপে দেখা গেছে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে সরকারি, বেসরকারি এবং নিবন্ধিত বা যথাযথ কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্ত ব্যবস্থাপনায় ২৮,২৫৩টি বিদ্যালয়ে ৩১২,৪৭৯ জন শিক্ষক কর্মরত রয়েছেন। এদের মধ্যে ৬৬ শতাংশ স্কুল শিক্ষক, ২৮ শতাংশ মাদ্রাসা শিক্ষক এবং ৬ শতাংশ কলেজ শিক্ষক। সবমিলিয়ে নারী শিক্ষক ২১ শতাংশ। ব্যানবেইসের পরিসংখ্যান থেকে দেখা যায় যে, মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক বিজ্ঞান এবং ধর্ম ছাড়া অন্য বিষয়গুলোর জন্য ন্যূনতম সংখ্যক বিষয়ভিত্তিক শিক্ষক নেই। সামাজিক বিজ্ঞান বিষয়ের জন্য প্রতিষ্ঠান প্রতি গড়ে তিনজন শিক্ষকের বেশি রয়েছে। কিন্তু অন্যান্য বাধ্যতামূলক বিষয়গুলোতে যেমন- ইংরেজি, গণিত, বিজ্ঞান, কম্পিউটার এমনকি বাংলা বিষয়েও শিক্ষক ঘাটতি রয়েছে। এই জরিপে দেখা গেছে যে, ১৩ শতাংশ স্কুল বা প্রতিষ্ঠান নিয়মানুযায়ী নিয়োগকৃত প্রতিষ্ঠান প্রধান ছাড়াই পরিচালিত হচ্ছে (ছক ১)।

ছক ১: মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পদবী, সংখ্যা ও পর্যাগুতা

পদবী	সংখ্যা	প্রতি ১০০ প্রতিষ্ঠানের বিপরীতে শিক্ষক সংখ্যা
প্রধান শিক্ষক	২৪,৫৩৬	৮৭
সহকারি প্রধান শিক্ষক	১৮,৮৭৪	৬৭
সহকারি শিক্ষক: সমাজবিজ্ঞান	৮৯,৩৬৩	৩১৬
সহকারি শিক্ষক : বাংলা	১৪,০১৮	৫০
সহকারি শিক্ষক : ইংরেজি	১৬,০৮৩	৫৭
সহকারি শিক্ষক : গণিত ও বিজ্ঞান	৩৯,০৭৯	১৩৮
সহকারি শিক্ষক : শারীরিক শিক্ষা	১৬,১৬২	৬৩
সহকারি শিক্ষক : কৃষি	১৭,৮৬৮	৬৩
সহকারি শিক্ষক: ইসলাম শিক্ষা	৪২,৩৬৫	১৫১
সহকারি শিক্ষক: কম্পিউটার	১৩,২২৪	৪৭
সহকারি শিক্ষক : ব্যবসায় শিক্ষা	৭,০২৯	২৫
সহকারি শিক্ষক : অন্যান্য ধর্ম	৭,০৬০	২৫
শাখা শিক্ষক	১,৫৭৮	৬
মোট	৩০৭,২৩৯	১,০৮৯

এই জরিপে আরো দেখা গেছে যে, প্রধান শিক্ষক ও সহকারি প্রধান শিক্ষক ছাড়া সকল শিক্ষকের পদবীই সহকারি শিক্ষক। এ থেকে বোঝা যায় যে শিক্ষকদের জন্য পদোন্নয়নের পথ অত্যন্ত সীমিত। প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বেশির ভাগ শিক্ষকই সহকারি শিক্ষক হিসেবে চাকুরিতে যোগদান করে এবং সহকারি শিক্ষক হিসেবেই অবসরে যান।

বেসরকারি ব্যবস্থাপনায় পরিচালিত, কিন্তু সরকারি তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের সরকারি বেতন ভর্তুকি দেওয়ার প্রক্রিয়া হচ্ছে মাসিক বেতন আদেশ (এমপিও)। এমপিওভুক্ত প্রতিষ্ঠানের ৯৯ শতাংশ হচ্ছে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান। এমপিওভুক্ত শিক্ষকের মধ্যে স্কুলের শিক্ষক ৮৮ শতাংশ, স্কুল ও কলেজের শিক্ষক ৮৭ শতাংশ এবং ৮৬ শতাংশ মাদ্রাসার শিক্ষক।

ব্যানবেইসের ২০১৪ সালের জরিপ অনুসারে মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকদের মধ্যে ৬০ শতাংশ শিক্ষক স্নাতক ডিগ্রীধারী এবং ২৩ শতাংশ শিক্ষক মাস্টার্স ডিগ্রীধারী। সকল ডিগ্রীধারীদের মধ্যে ১.৪ শতাংশ স্নাতক পরীক্ষায় প্রথম বিভাগ প্রাপ্ত এবং ১৪ শতাংশ শিক্ষক সম্মানসহ স্নাতক উত্তীর্ণ। সম্মানসহ স্নাতকদের ৪১ শতাংশ স্কুল এবং কলেজ শিক্ষক, ১৫ শতাংশ স্কুল শিক্ষক এবং ৫ শতাংশ মাদ্রাসা শিক্ষক। মাদ্রাসা শিক্ষকদের মধ্যে ১৯ শতাংশ শিক্ষকের ফাজিল ডিগ্রী এবং ১৫ শতাংশ শিক্ষকের কামিল ডিগ্রী আছে।

মাধ্যমিক শিক্ষকদের জন্য মৌলিক পেশাগত প্রশিক্ষণ হিসেবে ৪৬ শতাংশ শিক্ষক বা অর্ধেকেরও কম শিক্ষক নয় মাস মেয়াদী ব্যাচেলর ডিগ্রী (বিএড) প্রাপ্ত। দেশের বিভিন্ন অঞ্চলে বিদ্যালয়ের মধ্যে ব্যাপক পার্থক্য রয়েছে যার ফলে কোনো কোনো অঞ্চলের বিদ্যালয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা অনেক কম।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক ঐ প্রতিষ্ঠানের প্রধান হিসেবে বিদ্যালয়ের গুণগত মান নিশ্চিত করা এবং শিক্ষকের শিক্ষাদানের জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। প্রধান শিক্ষকের এই ভূমিকা পালনের জন্য পেশাগত দক্ষতা এবং যোগ্যতা থাকা উচিত। ‘টিচিং কোয়ালিটি ইম্প্রুভমেন্ট (টিকিউআই)’ প্রকল্প প্রধান শিক্ষকের ভূমিকার গুরুত্ব অনুধাবন করে প্রধান শিক্ষকদের জন্য ২১ দিন মেয়াদি প্রশিক্ষণ এবং নির্দিষ্ট বিরতির পরে ৬ দিন মেয়াদি ফলো-আপ প্রশিক্ষণের আয়োজন করেছে। এসবের পরিপূরক হিসাবে শিক্ষা বিজ্ঞান এবং ব্যবস্থাপনা বিষয়ক ৩৫ দিন মেয়াদি একটি চাকুরিকালীন (in-service) প্রশিক্ষণের ব্যবস্থাও রয়েছে।

মার্চ ২০১৪ সালের জরিপ অনুযায়ী ৫২ শতাংশ প্রধান শিক্ষক প্রশিক্ষণের প্রথম দীর্ঘতম অংশে যোগ দেন, স্বল্প মেয়াদী ফলো-আপ প্রশিক্ষণে ফিরে আসেন ৩৫ শতাংশ এবং মাত্র ১৫ শতাংশ চাকুরিকালীন (in-service) দীর্ঘতম প্রশিক্ষণ গ্রহণ করেছেন। সকল শিক্ষকের মধ্যে কম্পিউটার ব্যবহারের উপর প্রশিক্ষণ পেয়েছেন মাত্র ১৭ শতাংশ। ডিজিটাল শিক্ষণ বিষয়ক প্রস্তুতিমূলক প্রশিক্ষণ পেয়েছেন মাত্র ৮ শতাংশ শিক্ষক।

এক তৃতীয়াংশ শিক্ষক সপ্তাহে ২৬-৩০টি ক্লাস নেন এবং এক তৃতীয়াংশের কিছু বেশি শিক্ষক ২১-২৫টি ক্লাস নেন। প্রধান শিক্ষকদের একটি বড় অংশ সপ্তাহে ১১-২০টি করে ক্লাস নেন, যা থেকে প্রধান শিক্ষকদের অপেক্ষাকৃত বেশি কাজের চাপের ধারণা পাওয়া যায়।

৪. জরিপে প্রাপ্ত তথ্য নিয়ে আলোচনা

প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শিক্ষাগত প্রস্তুতি, পেশাগত প্রশিক্ষণ, শিক্ষকদের কর্মদক্ষতার তত্ত্বাবধান ও মূল্যায়ন, শিক্ষকদের অর্থনৈতিক অবস্থা ও আয় এবং নিজেদের কাজ সম্পর্কে শিক্ষকদের দৃষ্টিভঙ্গি ও প্রত্যাশা বিষয়ে দ্রুত মূল্যায়নের জন্য তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করা হয়। সংগৃহীত তথ্য প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা ও শিক্ষক বিষয়ক জাতীয় প্রেক্ষাপট, শিক্ষায় মান ও সমতা এবং শিক্ষকের ভূমিকা বিষয়ক আন্তর্জাতিক আলোচনার পরিপ্রেক্ষিতে বিবেচনা করা হয়েছে। সম্প্রতি গৃহীত ‘টেকসই উন্নয়ন লক্ষ্য-৪’/ ‘শিক্ষা ২০৩০’ এজেন্ডার আলোকে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় শিক্ষকদের পরিস্থিতি জরিপ অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে পড়েছে।

এখানে উল্লেখ করা আবশ্যিক, এই গবেষণার জন্য শিক্ষকদের যে নমুনা বাছাই করা হয়েছে তারা প্রাথমিক (সরকারি প্রাথমিক ও নতুন জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়) ও মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত। এসব প্রতিষ্ঠান প্রাথমিক স্তরে ৮০ শতাংশ এবং মাধ্যমিক স্তরে ৮৫ শতাংশ শিক্ষার্থীকে শিক্ষাসেবা দেয়।

এবতেদায়ী মাদ্রাসা, এনজিও পরিচালিত অনানুষ্ঠানিক দ্বিতীয় সুযোগমূলক শিক্ষা কেন্দ্র, মাধ্যমিক স্তরের দাখিল মাদ্রাসা এবং মুনাফাকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এই গবেষণায় অন্তর্ভুক্ত করা হয়নি। সরকারের তদারকির বাইরে থাকা কওমী মাদ্রাসা ও বেসরকারি মুনাফাকারি শিক্ষা প্রতিষ্ঠানের নির্ভরযোগ্য তথ্য সহজলভ্যও নয়। তুলনামূলকভাবে ক্ষুদ্র এবং সুবিধাভিত্তিক নমুনার মাধ্যমে পরিচালিত এই গবেষণা সাধারণভাবে শিক্ষক সমাজের প্রতিনিধিত্বশীল নাও হতে পারে এই সীমাদ্রতা গবেষণার গুণগত বিশ্লেষণে কোনো গুরুতর সমস্যা নয় বলে বর্তমান গবেষকদের ধারণা।

ক. সংখ্যাগত ঘাটতি

প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে শিক্ষক এবং শিক্ষার্থীর অনুপাত গড়ে প্রায় ৫০ যা মানসম্মত শিক্ষণ এবং শিক্ষকের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের ক্ষেত্রে এক বিরাট প্রতিবন্ধকতা। প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি-২ চলাকালীন ছয় বছরে প্রায় ৪৫,০০০ শিক্ষক নিয়োগ করা হয় এবং পিইডিপি ৩ এর আওতায় আরও শিক্ষক নিয়োগ করা হবে। কিন্তু স্বাভাবিক ভাবে (যেমন, অবসর এবং অন্যান্য কারণে চাকুরি ত্যাগ করায়) প্রতি বছর শিক্ষক সংখ্যা কমে যাওয়ার হিসেব করলে নতুন শিক্ষক যোগ হওয়া সত্ত্বেও শিক্ষক-শিক্ষার্থী অনুপাতে তেমন একটি প্রভাব পড়েনি। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রকাশিত প্রাথমিক শিক্ষার বার্ষিক কৃতি প্রতিবেদনে (Annual Sector Performance Reports for Primary Education) শিক্ষকদের চাকুরি ত্যাগের তথ্য উল্লেখ করা হয়নি এবং নিট শিক্ষক সংখ্যাবৃদ্ধি সংক্রান্ত নির্ভরযোগ্য তথ্য উদঘাটন দুরূহ। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১:৩০ এ নামিয়ে আনতে হলে আরো এক লক্ষ শিক্ষক নিয়োগ দেওয়া প্রয়োজন।

টিচিং কোয়ালিটি ইম্প্রুভমেন্ট (টিকিউআই) প্রকল্পের অধীনে ২০১৪ সালে সম্পাদিত মাধ্যমিক শিক্ষক জরিপ অনুযায়ী যদি প্রতি ১০০ স্কুলের বিষয়ভিত্তিক শিক্ষকের হিসেব নেওয়া হয় তাহলে দেখা যাবে যে বাধ্যতামূলক বিষয়গুলো যেমন ইংরেজি, গণিত, কম্পিউটার, বিজ্ঞান এমকি বাংলা বিষয়েও বিপুল পরিমাণ শিক্ষক ঘাটতি রয়েছে। প্রতি ১০০ স্কুলে মাত্র ৪৭

জন কম্পিউটার শিক্ষক, ৫০ জন বাংলা শিক্ষক, ৫৭ জন ইংরেজি শিক্ষক, গণিত এবং বিজ্ঞানের সকল বিষয়ের জন্য রয়েছে ১৩৮ জন শিক্ষক। যদি প্রতিটি স্কুলে বাধ্যতামূলক প্রতিটি বিষয়ের জন্য একজন শিক্ষক আবশ্যিক হিসেবে ধরা হয়, তাহলে মাধ্যমিক বিদ্যালয়ে তাৎক্ষণিকভাবে কমপক্ষে ৫০,০০০ শিক্ষক নিয়োগ দেওয়া উচিত (ছক ১)।

শ্রেণি প্রতি শিক্ষার্থী সংখ্যা, শিক্ষক-শিক্ষার্থী অনুপাত এবং বিদ্যালয়ে শিখন-সময় গ্রহণযোগ্য পর্যায়ে নিয়ে আসার জন্যে মাধ্যমিক শিক্ষায় মধ্যমেয়াদী সময়ের মধ্যে বর্তমানে কর্মরত ৭৫০,০০০ শিক্ষকের সংখ্যা অন্তত দ্বিগুণ হওয়া প্রয়োজন।

খ. শিক্ষকদের পদোন্নতির পথ রুদ্ধ

বাংলাদেশের শিক্ষা ক্ষেত্রে এক অনন্য ব্যবস্থা হচ্ছে শিক্ষকদের প্রাথমিক “সহকারি শিক্ষক” পদবী। শিক্ষক, বয়োজ্যেষ্ঠ শিক্ষক, বিষয়ভিত্তিক সমন্বয়কারী, দলনেতা ইত্যাদি ধরনের কোন পদবী নাই। প্রায় সকল শিক্ষকই সহকারি শিক্ষক হিসেবে পেশায় যোগদান করেন এবং সহকারি শিক্ষক হিসেবেই অবসর গ্রহণ করেন। শিক্ষকদের জন্য পদোন্নয়ন পথ রুদ্ধ বা অত্যন্ত সীমিত যা সত্যিকার অর্থেই হতাশাজনক।

গ. শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা এবং পেশাগত প্রস্তুতির মান

এই গবেষণার নমুনা থেকে দেখা যায় যে, প্রাথমিক স্তরে শিক্ষকদের জন্য প্রয়োজনীয় যোগ্যতা এইচএসসি হলেও বড় সংখ্যক শিক্ষক এর চেয়েও অধিক শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন (সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৯১ শতাংশ শিক্ষক এবং নতুন জাতীয় করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের ৪৮ শতাংশ শিক্ষক স্নাতক বা স্নাতকোত্তর)। মাধ্যমিক পর্যায়ে শিক্ষকদের জন্য প্রার্থিত যোগ্যতা স্নাতক হলেও ৫২ শতাংশ শিক্ষক রয়েছেন স্নাতকোত্তর ডিগ্রীধারী এবং ৪৬ শতাংশ রয়েছে স্নাতক ডিগ্রীধারী (ছক ২)।

ছক ২: শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা

ডিগ্রীর নাম	প্রাথমিক				মাধ্যমিক		
	সকল প্রাথমিক	সরকারি	নতুন সরকারি	বেসরকারি	সকল মাধ্যমিক	সরকারি	বেসরকারি
এসএসসি	৩.২%	২.৪%	০%	১১.১%	০%	০%	০%
এইচএসসি	১১.৩%	৭.১%	২৫.০%	৪০.৭%	১.২%	০%	১.৩%
স্নাতক (পাস)	৪০.৯%	৪২.০%	৩৭.৫%	৩৩.৩%	৩৭.৭%	৭.৪%	৪২.০%
স্নাতক (সম্মান)	৫.৭%	৬.১%	০%	৩.৭%	৮.৭%	৩.৭%	৯.৪%
সকল স্নাতক	৪৬.৬০%	৪৮.১০%	৩৭.৫০%	৩৭.০০%	৪৬.৪০%	১১.১০%	৫১.৪০%
মাস্টার্স	৩৮.৯%	৪২.৫%	৩৭.৫%	১১.১%	৫১.৬%	৮৮.৯%	৪৭.৩%

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

(এই নমুনা থেকে প্রাপ্ত তথ্য দেশের সামগ্রিক হিসাব থেকে কিছুটা ভিন্ন)।

ছক ৩: একাডেমিক পরীক্ষায় শিক্ষকদের ফলাফল

বিদ্যালয়ের ধরন	বিভাগ/শ্রেণী	এসএসসি	এইচএসসি	স্নাতক	মাস্টার্স
প্রাথমিক	প্রথম	৩৮.১%	১৪.৯%	২.৮%	১৫.৭%
	দ্বিতীয়	৫৪.৩%	৬৬.৮%	৬৩.১%	৭৪.১%
	তৃতীয়	৭.৭%	১৮.৩%	৩৪.১%	১০.২%
মাধ্যমিক	প্রথম	৪৩.৭%	২৩.২%	৩.২%	৮.৬%
	দ্বিতীয়	৪৭.৬%	৫৬.০%	৬১.০%	৭৮.৬%
	তৃতীয়	৮.৭%	২০.৮%	৩৫.৭%	১২.৯%

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

উচ্চ একাডেমিক যোগ্যতা শিক্ষকতার জন্য উচ্চ বুদ্ধি বৃত্তিক সামর্থ্য এবং যোগ্যতা নির্দেশ করে কিনা তা তর্ক সাপেক্ষ। পাবলিক পরীক্ষায় একাডেমিক সনদ অর্জনের মান ব্যক্তির কৃতি ও অর্জনের পরিমাপক বলে ধরা যেতে পারে। প্রায় দুই তৃতীয়াংশ প্রাথমিক শিক্ষকের স্নাতক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে দ্বিতীয় বিভাগ রয়েছে, মাধ্যমিকের শিক্ষকদের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক পর্যায়ে দ্বিতীয় বিভাগ রয়েছে ৫৬ শতাংশ এবং স্নাতক পর্যায়ে দ্বিতীয় বিভাগ রয়েছে ৬১ শতাংশ শিক্ষকের। অন্যদিকে, প্রাথমিক এবং মাধ্যমিক পর্যায়ে শিক্ষকদের মধ্যে এক তৃতীয়াংশ স্নাতক ডিগ্রীধারী শিক্ষকের তৃতীয় বিভাগ রয়েছে (ছক ৩)।

এ বিষয়ে প্রাসঙ্গিক প্রশ্ন হতে পারে, স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে তৃতীয় বিভাগধারী কোনো ব্যক্তি কি এসএসসি এবং এইচএসসিতে প্রথম বিভাগধারী ব্যক্তি অপেক্ষা শিক্ষক হিসেবে অধিকতর কার্যকর হবেন। শিক্ষকতা পেশায় মেধাবীদের আকর্ষণ করা এবং ধরে রাখার পথ কী হবে-এ বিষয়টিও বিবেচনা করা প্রয়োজন।

ঘ. শিক্ষকদের পেশাগত প্রশিক্ষণ এবং অবস্থার উন্নয়ন

গবেষণার তথ্য অনুযায়ী, একটি বড় সংখ্যক শিক্ষক পেশাগত প্রশিক্ষণে অংশ গ্রহণ করে থাকে। তবে তুলনামূলক ভাবে শিক্ষা বিজ্ঞান বা সমস্যা-সমাধান কেন্দ্রিক চাকুরিকালীন (in-service) প্রশিক্ষণের চেয়ে সনদমুখী/আনুষ্ঠানিক স্বীকৃতিমূলক (সি-ইন-এড এবং বি.এড) প্রশিক্ষণের প্রতি বেশি গুরুত্ব দেওয়ার প্রবণতা লক্ষ করা যায়।

এটি ব্যাপকভাবে স্বীকৃত যে, তাদের প্রাক-নিয়োগ (pre-service) প্রশিক্ষণ, চাকুরিকালীন অব্যাহত পেশাগত উন্নয়ন এবং তত্ত্বাবধান সহায়তা ও নির্দেশনাসহ শিক্ষকদের পেশাগত প্রস্তুতি এবং উন্নয়নের বিষয়টি সামগ্রিক ও সমন্বিতভাবে দেখতে হবে। বস্তুত প্রারম্ভিক প্রশিক্ষণ, চাকুরিকালীন পেশাগত উন্নতি এবং তত্ত্বাবধান সহায়তা বিষয়ের মান এবং কার্যকারিতা সম্পর্কে বিভিন্ন প্রশ্ন রয়েছে।

বিএড ডিগ্রীর ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত বেসরকারি প্রতিষ্ঠান থেকে ৪০ শতাংশ শিক্ষক ডিগ্রী অর্জন করে থাকে। জাতীয় বিশ্ববিদ্যালয়ই এসব প্রতিষ্ঠানের শিক্ষার মান, প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা এবং শিক্ষা ও শিক্ষাদান সংক্রান্ত বিষয়াবলী তত্ত্বাবধান করে থাকে। পর্যবেক্ষকদের ধারণা, জাতীয় বিশ্ববিদ্যালয় কার্যকরভাবে এই তত্ত্বাবধান করতে পারছে না।

বেসরকারি এসব প্রতিষ্ঠানের প্রশিক্ষণের মান অনেকাংশেই প্রশ্নবিদ্ধ। বাংলাদেশের শিক্ষকদের জন্য বাধ্যতামূলক প্রাক-নিয়োগ (pre-service) শিক্ষক উন্নয়ন ও শিক্ষা বিষয়ক কোন কর্মসূচি নাই। স্নাতক উত্তীর্ণদের জন্য শিক্ষকতা এবং শিক্ষাখাত এককভাবে বৃহত্তম চাকুরিদাতা খাত হলেও ডিগ্রী কলেজে স্নাতক পর্যায়ে শিক্ষার্থীদের শিক্ষাকে একটি আলাদা পাঠ্য বিষয় হিসেবে পড়ার কোন সুযোগ নাই। শিক্ষকদের চাকুরি পূর্ব প্রস্তুতির প্রকৃতি এবং চাকুরিকালীন (in-service) প্রশিক্ষণ ও উন্নয়ন এবং তত্ত্বাবধান-সহায়তা কিভাবে এক অপরকে সহায়তা ও শক্তিশালী করে তা একটি গুরুত্বপূর্ণ নীতি সংক্রান্ত প্রশ্ন।

ছক ৪: প্রশিক্ষণে শিক্ষকদের অংশগ্রহণ ও প্রাপ্ত সুবিধাদি

বিদ্যালয়ের ধরন	দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ প্রাপ্ত	দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের পর সুবিধাপ্রাপ্ত শিক্ষক (%)	সুবিধার ধরন	সুবিধাপ্রাপ্ত শিক্ষকের শতকরা হার	স্বল্পমেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের শতকরা হার	উন্নয়ন ধরনের প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের শতকরা হার
প্রাথমিক	৯৫.১%	৭৭.৭%	পদোন্নতি বেতন বৃদ্ধি/ ইনক্রিমেন্ট/ গ্রেড পরিবর্তন	৫.৯% ৯৪.১%	৮৯.৮%	৮৬.৬৪%
মাধ্যমিক	৮২.১%	৫৬.৭%	পদোন্নতি বেতন বৃদ্ধি/ ইনক্রিমেন্ট/ গ্রেড পরিবর্তন	১২.৫% ৮৭.৫%	৮২.৮%	৭১.০৩%
সকল	৮৮.৬%	৬৭.২%	পদোন্নতি বেতন বৃদ্ধি/ ইনক্রিমেন্ট/ গ্রেড পরিবর্তন	৮.৬% ৯১.৪%	৮৬.৩%	৭৮.৭৬%

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

এটি কিছুটা স্বস্তিদায়ক হতে পারে যে, বেশির ভাগ প্রাথমিক শিক্ষক স্বল্প ও দীর্ঘ মেয়াদী বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করে থাকেন। মাধ্যমিক পর্যায়ে প্রায় অর্ধেক শিক্ষক দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ পায় (নমুনা শিক্ষকদের মধ্যে এই হার বেশি) এবং বেশির ভাগ শিক্ষকই স্বল্প মেয়াদী প্রশিক্ষণ পায় (ছক ৪)। পেশাগত উন্নয়নের জন্য চাকুরি পূর্ব ও চাকুরিকালীন প্রশিক্ষণের গুরুত্ব অনস্বীকার্য। প্রশিক্ষণ শিক্ষকের কর্মদক্ষতা এবং শিক্ষার্থীর অর্জনে প্রভাব বিস্তার করতে পারবে তখনই, যখন দুটি বিষয়ে দৃষ্টি দেওয়া হবে- ১. প্রশিক্ষণের মান ও প্রাসঙ্গিকতা এবং ২. প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞান ব্যবহারের জন্য বিদ্যালয়ে সহায়তামূলক পরিবেশ। বর্তমান গবেষণা এই বিষয়টি সুনির্দিষ্টভাবে উদঘাটন করেনি। কিন্তু শিক্ষকদের

কাজের অবস্থা এবং পরিবেশ সম্পর্কিত তথ্য বিশ্লেষণ ও আলোচনা নির্দেশ করে যে, এ বিষয়গুলো বড় সমস্যা।

এএসপিআর ২০১৪-এ অকপটে স্বীকার করা হয়েছে যে, পিইডিপি ২ এবং পিইডিপি ৩ এ শিক্ষকদের চলমান পেশাগত প্রশিক্ষণের জন্য অগ্রাধিকার দেয়ার সর্বোচ্চ চেষ্টা করা হলেও এসব প্রশিক্ষণের ফলাফল কি হয়েছে তা এখনও অনিশ্চিত। বিশেষত দীর্ঘদিনের অভিজ্ঞ শিক্ষকদের ক্ষেত্রে প্রশিক্ষণের ফলে আচরণগত কি পরিবর্তন হয়েছে সে বিষয়ে স্পষ্ট কিছু বলা যায় না (ডিপিই, ২০১৪)।

এএসপিআর অনুযায়ী শুধুমাত্র বিষয়ভিত্তিক প্রশিক্ষণের সাথেই শিক্ষার্থীর অর্জনের এক ধরনের ইতিবাচক সম্পর্ক পাওয়া গেছে। শিক্ষার্থীর অর্জনের ক্ষেত্রে সি-ইন-এড (সার্টিফিকেট-ইন-এডুকেশন) প্রশিক্ষণের তাৎপর্যপূর্ণ কোনো প্রভাব খুঁজে পাওয়া যায়নি। যে কারণে সি-ইন-এড প্রশিক্ষণের পরিবর্তে জাতীয় পর্যায়ে বাস্তবায়নাত্মক ডিপ-ইন-এড (ডিপ্লোমা-ইন-এডুকেশন) কোর্স বাস্তবায়নের গুরুত্ব দিকেই এর ফলাফল গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করা উচিত।

৩. শিখন-শিক্ষণ পরিবেশ, অবস্থা ও কর্মভার

জাতীয় পর্যায়ে সামষ্টিক তথ্য অনুযায়ী গড়ে শ্রেণিকক্ষের বাস্তব অবস্থা কিছুটা ভিন্ন। সামষ্টিক গড় হিসাবের অসুবিধা হচ্ছে, এতে অনুপস্থিত শিক্ষক, ছুটিতে থাকা শিক্ষক ও শিক্ষণ বহির্ভূত (non-teaching) কাজে নিয়োজিত শিক্ষকদের হিসাব ধরা হচ্ছে না। নমুনা শিক্ষকদের তথ্য থেকে দেখা যায়, কিছু মাধ্যমিক বিদ্যালয়ের একটি শ্রেণিতে ১০০ জন পর্যন্ত এবং কিছু প্রাথমিক বিদ্যালয়ে একটি শ্রেণিতে ৫০ জন পর্যন্ত শিক্ষার্থীকে পাঠদান করতে হয়।

শিক্ষকদের প্রেষণা ও তাদের শিক্ষকতা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য তাদের কাজের চাপ একটি গুরুত্বপূর্ণ নিয়ামক। প্রতি সপ্তাহে গড়ে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ২৭.৩৫ এবং মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ২১.৭৭ পিরিয়ড পাঠদান করতে হয়। নমুনা তথ্য হতে দেখা যায়, গ্রাম অঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা শহর অঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চেয়ে বেশি সময় পাঠদান করেন (বক্স ২)।

শ্রেণি-পাঠদান ছাড়াও অন্যান্য কাজে শিক্ষকদের একটা বড় সময় ব্যয়

করতে হয় যা তাদের কর্মভারে যুক্ত হয়। শ্রেণি পাঠদানের বাইরে এ ধরনের নন-একাডেমিক কাজে গ্রাম অঞ্চলের শিক্ষকদের চেয়ে শহর অঞ্চলের শিক্ষকদের বেশি সময় ব্যয় করতে হয়। বাংলাদেশের প্রাথমিক বিদ্যালয়গুলোর ৮০ শতাংশ ডাবল/দুই শিফট এবং বিদ্যালয়গুলোতে মোট পাঠদান ঘন্টা আন্তর্জাতিক মানের প্রায় অর্ধেক যা বছরে প্রায় ১০০০ ঘন্টা। প্রতিদিনের শ্রেণি পাঠদান ছাড়াও শ্রেণির বৃহৎ আকার, পাঠ প্রস্তুতি, বাড়ির কাজ সংশোধন

বক্স ২: শ্রেণির আকার এবং কর্মভার

- প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের গড় শ্রেণি-আকার যথাক্রমে ৪৮ ও ৮৩;
- সপ্তাহে গড় পিরিয়ড সংখ্যা: প্রাথমিক শিক্ষক ২৭.৩৫; মাধ্যমিক শিক্ষক ২১.৭৭;
- প্রতিদিনের শ্রেণি পাঠদান ছাড়াও বৃহৎ শ্রেণি আকার, পাঠ প্রস্তুতি, বাড়ির কাজ সংশোধন এবং অন্যান্য শিক্ষণ বহির্ভূত (non-teaching) কাজগুলোও কর্মভার হিসেবে বিবেচনা করা উচিত যা শিক্ষকদের ভারগ্রস্ত করে;
- কর্তব্যবোধে পরিচালিত একজন শিক্ষক বিদ্যালয়ে একটি দীর্ঘ ও ক্লান্তিকর দিন অতিবাহিত করেন।

সূত্র: দ্রষ্ট নমুনা জরিপ ২০১৫

এবং অন্যান্য শিক্ষণ বহির্ভূত (non-teaching) কাজগুলোও কর্মভার হিসেবে বিবেচনা করা উচিত। এই সবই শিক্ষকদের ভারগ্রস্ত করে। শিক্ষক স্বল্পতা, স্বাভাবিক অনুপস্থিতি ইত্যাদি পরিস্থিতিতে কর্মী সংকটের কারণে শিক্ষকদের প্রায়শই অতিরিক্ত দায়িত্ব পালন করতে হয়। এমনকি এমনো অসম্ভব পরিস্থিতি সৃষ্টি হয় যে, একজন শিক্ষককে একসঙ্গে একাধিক শ্রেণিতে পাঠদান করতে হয়। এসবের সাথে রয়েছে শিক্ষকদের বাসস্থান থেকে বিদ্যালয় পর্যন্ত যাতায়াত। বিশেষ করে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের চেয়ে তুলনামূলক বেশি দূরত্বে বাস করেন। এসব বিবেচনা করলে দেখা যায় কর্তব্যবোধ সম্পন্ন একজন শিক্ষকের প্রতিটি কর্মদিবস অতি দীর্ঘ ও ক্লান্তিকর (বক্স ৩)।

নমুনা জরিপের তথ্য থেকে দেখা যায়, প্রাথমিক (৯৯.২%) ও মাধ্যমিক বিদ্যালয়ের (৯৮%), প্রায় সকল শিক্ষক প্রতিদিনের শিক্ষণ কাজে নানারকম প্রতিবন্ধকতার সম্মুখীন হন। প্রাথমিক ও মাধ্যমিক উভয় স্তরের শিক্ষকরাই শ্রেণি পরিবেশ, শিক্ষার্থী, শিক্ষক এবং বিষয়বস্তু সম্পর্কিত বিচিত্র ধরনের সমস্যার সম্মুখীন হন (বক্স ৪)।

শিক্ষকদের কৃতির ক্ষেত্রে উল্লিখিত সমস্যাগুলো প্রাথমিক ও মাধ্যমিক উভয় ধরনের বিদ্যালয়ে কাজের পরিবেশের এবং কাজের শর্তসমূহের মৌলিক ঘাটতির প্রতি নির্দেশ করে। শিক্ষকদের কৃতি এবং শিক্ষার্থীদের অর্জন নিশ্চিত করার জন্য এ বিষয়গুলো বিবেচনায় এনে বাড়তি বিনিয়োগ, বিদ্যালয় পর্যায়ে সুষ্ঠু ব্যবস্থাপনা এবং এ সমস্যাগুলো মোকাবেলায় শিক্ষকদের অংশগ্রহণকে অগ্রাধিকার দিতে হবে।

চ. শিক্ষকদের পেশাগত সন্তুষ্টি এবং পেশাগত উন্নয়ন প্রত্যাশা

নমুনা শিক্ষকদের একটি বৃহৎ অংশ শিক্ষকতাকে একটি সন্তোষজনক পেশা হিসেবে গ্রহণ করেছেন। এটি নতুন জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের চেয়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রে বেশি প্রযোজ্য। শিক্ষকরা তাদের পেশাগত লক্ষ্য ও প্রত্যাশা নিয়ে মত ব্যক্ত করতে গিয়ে বলেছেন, তাঁরা দক্ষ ও সফল শিক্ষক হিসেবে শিক্ষকতা পেশায় নিয়োজিত থাকতে চান (বক্স ৫)।

বক্স ৩: বাড়ির কাজ এবং পাঠ পরিকল্পনা

- শ্রেণি সময়ের বাইরে বাড়ির কাজ সংশোধনের জন্য প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা প্রতি সপ্তাহে গড়ে যথাক্রমে ৩.৬১ ঘন্টা ও ৪.৬০ ঘন্টা সময় ব্যয় করেন;
- পাঠ পরিকল্পনা প্রস্তুতির জন্য প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা প্রতি সপ্তাহে গড়ে যথাক্রমে ৫.৮৯ ঘন্টা ও ৭.৪৯ ঘন্টা সময় ব্যয় করেন। শহর অঞ্চলের শিক্ষকরা এক্ষেত্রে বেশি সময় ব্যয় করেন।

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

বক্স ৪: শিখন-শেখানো পরিবেশ

- ১৭.৫% প্রাথমিক ও ১৬.৩% মাধ্যমিক শিক্ষক বলেছেন যে তাদের শ্রেণীকক্ষের শিখন পরিবেশ সন্তোষজনক নয়;
- মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা গত এক বছরে প্রায় ১৮টি পূর্ণদিবস, ১৪টি অর্ধ-দিবস এবং বিদ্যালয় ছুটির পর বা ছুটির দিনে প্রায় ২৫ দিন বিদ্যালয় কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার কর্তৃপক্ষ অর্পিত শিক্ষণ-বর্হিভূত কার্যক্রমে ব্যয় করেছেন। প্রাথমিক বিদ্যালয়ের জন্য এই সংখ্যাটি যথাক্রমে ১৬ দিন, ১৫ দিন ও ১৭ দিন;
- বেশিরভাগ প্রাথমিক (৯৯.২%) এবং মাধ্যমিক (৯৮%) বিদ্যালয়ের শিক্ষকরা পাঠের বিষয়বস্তু, অপ্রতুল শিখন উপকরণ, সহযোগিতার অভাব সংক্রান্ত বিভিন্ন রকমের প্রতিবন্ধকতার সম্মুখীন হন।

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

বক্স ৫: পেশাগত লক্ষ্য

- প্রায় এক চতুর্থাংশ শিক্ষক-প্রাথমিক (৭২%) ও মাধ্যমিক (৭১%) উভয় স্তরেই আগামী পাঁচ বছর পর নিজেদেরকে একজন সফল শিক্ষক হিসেবে দেখতে চান। প্রাথমিক স্তরে আরো ১৪.৬% শিক্ষক নিজেদেরকে অধিক দক্ষ শিক্ষকে চিহ্নিত করতে চান। তাদের মধ্যে কেউ কেউ প্রধান শিক্ষক হিসেবে পদোন্নতি পেতে চান (৪.১%) এবং শিক্ষা কর্মকর্তা হতে চান (৮.৯%)। শুধুমাত্র ০.৪% শিক্ষক শিক্ষকতা ব্যতীত অন্য পেশায় যেতে চান;
- মাধ্যমিক শিক্ষকদের মধ্যে কেউ কেউ সহকারি প্রধান শিক্ষক, কলেজ শিক্ষক এবং শিক্ষা কর্মকর্তা হতে চান। মাধ্যমিক শিক্ষকদের মধ্যে ১.৬% শতাংশ শিক্ষক পাঁচ বছর পর শিক্ষকতার বাইরে অন্য পেশায় নিয়োজিত হতে চান;
- বেশিরভাগ শিক্ষক অধিক দক্ষ ও সফল শিক্ষক হিসেবে শিক্ষকতা পেশায় অবস্থান করতে চান। এজন্য প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে সর্বোচ্চ সংখ্যক শিক্ষক মানসম্মত প্রশিক্ষণের প্রয়োজনীয়তার কথা বলেছেন;
- শিক্ষকরা শিক্ষণ বহির্ভূত কাজের চাপ কমানো, পেশাগত উন্নয়নের সাথে বেতন বৃদ্ধির সম্পর্ক, শিখন সহায়ক পরিবেশ তৈরি এবং প্রতিদিনের পাঠদানের চাপ কমানোর কথা বলেছেন।

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

শিক্ষকদের পেশাগত সন্তুষ্টির বিষয়ে দুটি পর্যবেক্ষণ দেয়া যেতে পারে। শিক্ষকদের বৃহৎ অংশ শিক্ষকতাকে তাদের জীবিকা অর্জনের সন্তোষজনক মাধ্যম হিসেবে দেখে। সাধারণভাবে প্রচলিত ধারণা হচ্ছে, শিক্ষকতা অপেক্ষাকৃত কম প্রত্যাশিত চাকুরি এবং সেজন্য বেশিরভাগ শিক্ষক তাদের পেশা নিয়ে অসন্তুষ্ট। কিন্তু বর্তমান পর্যবেক্ষণ শিক্ষকদের নিজেদের মতামতের সাথে সঙ্গতিপূর্ণ নয়। এক্ষেত্রে হয়তো কিছু মাত্রায় যৌক্তিকীকরণ এবং অপরিবর্তনীয় পরিস্থিতি মেনে নেয়ার বিষয় আছে। এই ধারণা সৃষ্টির কারণ হল অপেক্ষাকৃত বেশি সময় ধরে শিক্ষকতা পেশায় যারা নিয়োজিত আছেন তাদের মধ্যে সন্তুষ্টির হার সর্বোচ্চ। অবশ্য শিক্ষকতা পেশায় পূর্ণমাত্রায় সন্তুষ্ট এমন শিক্ষকের সংখ্যা অপেক্ষাকৃত কম।

শিক্ষকতাকে পেশা হিসেবে কেন গ্রহণ করেছেন, এই প্রশ্নের উত্তরে বেশিরভাগ শিক্ষক উত্তর দিয়েছেন যে, এটি তাদের প্রত্যাশিত চাকুরি এবং শিক্ষকতা একটি মহৎ পেশা। এক্ষেত্রেও যৌক্তিকীকরণ এবং অপরিবর্তনীয় পরিস্থিতি মেনে নেয়ার বিষয় উল্লেখ করা যায়। কারণ বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থীদের একই প্রশ্ন করলে ভিন্ন উত্তর আসবে।

দ্বিতীয়ত, বেশিরভাগ নতুন জাতীয় করণকৃত ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা তাদের পেশা নিয়ে মোটামুটি সন্তুষ্ট পর্যায়েও নেই। এটি মোটেই গ্রহণযোগ্য পরিস্থিতি হতে পারে না। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধিক সংখ্যক শিক্ষকের চাকুরি নিয়ে সন্তুষ্টির বিষয়টি থেকে বলা যায়, সকল শিক্ষকের জন্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সমান সুযোগ-সুবিধা থাকা দরকার। উপযুক্ত বেতন-ভাতা নির্ধারণ এবং একটি পদোন্নয়ন পথের (career path) সাথে

বক্স ৬: কীভাবে শিক্ষণের মান বাড়বে

- শিক্ষণের মান বাড়ানোর জন্য প্রাথমিক ও মাধ্যমিক উভয় স্তরেই সর্বোচ্চ সংখ্যক শিক্ষক তাদের বেতন বাড়ানোর কথা বলেছেন। এই হার প্রাথমিক স্তরে ৬৩.৮% ও মাধ্যমিক স্তরে ৪৫%;
- শিক্ষার্থী, অভিভাবক, সহকর্মী, শিক্ষা প্রশাসনসহ সকল অংশীজনের সহযোগিতা এক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে শিক্ষকরা মতামত দিয়েছেন;
- শিক্ষণের মান বাড়ানোর জন্য প্রায় এক তৃতীয়াংশ শিক্ষক ভৌত অবকাঠামো উন্নয়নের কথা বলেছেন;
- অন্যান্য যেসব বিষয়ের কথা উল্লেখ করেছেন সেগুলো হল আধুনিক প্রযুক্তি, মানসম্মত শিখন উপকরণ, এবং আরও বেশি পাঠদানের সময়।

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

বেতন-ভাতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। পেশাগত উন্নয়ন সম্পর্কে ধারণা ও প্রত্যাশা এবং সেগুলো পূরণের সাথে কর্ম সন্তুষ্টি সম্পর্কিত। শিক্ষকদের পেশাগত উন্নয়নে সহায়তা, পেশাগত উন্নয়নে প্রত্যাশিত পরিবর্তন, শিক্ষকতা পেশায় সুখী হওয়ার বিষয় এবং সামাজিক মর্যাদার ধারণা বিষয়ে নমুনা শিক্ষকদের প্রশ্ন করা হয়। প্রত্যাশিত ভাবেই, অধিকতর ভাল সম্মানীকে তাদের পেশাগত উন্নয়নের শর্ত হিসেবে উল্লেখ করেছেন। ভাল পেশাগত প্রশিক্ষণ ও শিখন সহায়ক পরিবেশও গুরুত্বপূর্ণ বলে তারা উল্লেখ করেছেন (বক্স ৬)।

‘শিক্ষকদের কোন বিষয়টি সুখী করে?’ এই প্রশ্নের উদ্দেশ্য ছিল শিক্ষকদের পেশাগত সন্তুষ্টি ও প্রত্যাশা পূরণকে প্রভাবিত করার বিষয়গুলো সম্বন্ধে জানা। এর উত্তরে শিক্ষকরা জানিয়েছেন, তারা তাদের শিক্ষকতার কাজটি ঠিকভাবে করতে পারলে এবং শিক্ষার্থীদের কাছ থেকে যথাযথ সাড়া পেলে তারা ব্যক্তিগত সন্তুষ্টি অনুভব করেন। অধিক সংখ্যক শিক্ষক বলেছেন তারা সুখী হন যখন তারা ‘শিক্ষার্থীদের যথাযথ পাঠদান করতে পারেন’। একইসঙ্গে শিক্ষকরা শিক্ষার্থীদের কাছে থেকে ‘ভাল সাড়া’ ও ‘উৎসাহ’ প্রত্যাশা করেন (বক্স ৭)।

এই উত্তরগুলো থেকে বলা যায়, শিক্ষকরা আত্মবিশ্লেষণে নিয়োজিত হতে পারেন এবং একটি ভাল কাজ সমাধা করে সন্তুষ্টি অর্জন করতে পারেন। এ ধারাটি প্রাক নিয়োগ (pre-service) ও চাকুরিকালীন (in-service) প্রশিক্ষণসহ তত্ত্বাবধান ও মূল্যায়ন কার্যক্রম এবং পেশাগত উন্নয়ন কার্যক্রম দ্বারা উৎসাহিত ও উন্নীত করা যেতে পারে।

নমুনা শিক্ষকদের একটি বড় অংশ বলেছেন, তাদের শ্রেণিকক্ষের শিখন পরিবেশ সন্তোষজনক। তবে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় এক চতুর্থাংশ শিক্ষক মনে করেন এটি সন্তোষজনক নয়। এক্ষেত্রে গ্রাম ও শহরের বিদ্যালয়গুলোর মধ্যে পার্থক্য রয়েছে। বিশেষত এই ক্ষেত্রে গ্রামীণ মাধ্যমিক বিদ্যালয়গুলো সুবিধাবঞ্চিত অবস্থায় রয়েছে। শিক্ষকদের পর্যবেক্ষণে সম্ভবত একটি দরিদ্র দেশ হিসেবে বাংলাদেশের

বক্স ৭: শিক্ষকদের কী সুখী করে

- প্রাথমিক বিদ্যালয়ের ৩৯.৩% শিক্ষক সুখী অনুভব করেন যখন শিক্ষার্থীরা তাদের শিক্ষণ কার্যক্রমে সাড়া দেয়। অন্যান্য যে সকল বিষয় শিক্ষকদের সুখী করে সেগুলো হচ্ছে- যখন তারা অনুভব করেন যে তারা সঠিক ভাবে একটি পাঠদান করতে পেরেছেন (২৭.৯%), শিক্ষার্থীরা নতুন কিছু শিখলে (১৪.৯%), এবং শিক্ষার্থীরা শিখতে উৎসাহিত হলে (১৩.৫%);
- মাধ্যমিক পর্যায়ে ৩৫.৫% শিক্ষক সুখী হন যখন তারা সুষ্ঠুভাবে পাঠদান করতে পারেন। এছাড়া শিক্ষার্থীদের কাছ থেকে ভাল সাড়া পেলে ২৩.৫%, শিক্ষার্থীরা উৎসাহিত হলে ১৯.৫% এবং শিক্ষার্থীরা নতুন কিছু শিখলে ১৪.৩% শিক্ষক সুখী হন।

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

বক্স ৮: শ্রেণিকক্ষে কিসের অভাব রয়েছে

- প্রাথমিক (৩৩.৬%) ও মাধ্যমিক (৪৪.৮%) উভয় ক্ষেত্রেই সর্বোচ্চ সংখ্যক শিক্ষক মতামত দিয়েছেন যে, তারা তাদের শ্রেণিকক্ষে ইন্টারনেট সংযোগ সহ ল্যাপটপ কম্পিউটারের অভাব বোধ করেন;
- প্রাথমিক স্তরে ১৭.৪% এবং মাধ্যমিক স্তরে ৬.৮% শিক্ষক পর্যাপ্ত সংখ্যক শ্রেণিকক্ষের অভাব বোধ করেন;
- প্রাথমিক ও মাধ্যমিক স্তরে সুপ্রস্তুত শ্রেণিকক্ষের অভাব বোধ করেন যথাক্রমে ১৩.৮% ও ১৪% শিক্ষক এবং মানসম্মত শিখন উপকরণের অভাব বোধ করেন যথাক্রমে ১১.৭% ও ১৫.৬% শিক্ষক ;
- এছাড়া কিছু শিক্ষক শ্রেণিকক্ষে পর্যাপ্ত আলো, হোয়াইট বোর্ড ও বৈদ্যুতিক পাখা না থাকার কথাও উল্লেখ করেছেন।

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

বিদ্যালয়ের অবকাঠামো ও সুবিধার ক্ষেত্রে কি সামর্থ্য থাকতে পারে এই চিন্তার প্রতিফলন ঘটেছে। কিন্তু শ্রেণিকক্ষে কাজের ক্ষেত্রে বাধাগুলো উল্লেখ করার সময় তারা শ্রেণিকক্ষে পর্যাপ্ত জায়গা, শিখন সুবিধাদি ও শিখন পরিবেশ উন্নয়নের কথা বলেছেন (বক্স ৮)।

ছ. শিক্ষকদের কৃতি, আয়, পারিশ্রমিক এবং প্রণোদনা

নমুনা জরিপের তথ্য হতে দেখা যায়, কর্মরত শিক্ষকদের পারিশ্রমিকের ক্ষেত্রে একটি শ্রেণি বিভাজন রয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা সর্বোচ্চ পারিশ্রমিক পান (সরকারি বেতন কাঠামোর অন্তর্ভুক্ত) এবং এর পরে রয়েছেন বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা যারা বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে নিয়োগ পান এবং সরকারি অর্থ সাহায্যের মাধ্যমে বেতন পান। নতুন জাতীয় করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের (সাবেক আরএনজিপিএস) শিক্ষকরা এই ধাপের সর্বনিম্নে অবস্থান করছেন। সাবেক আরএনজিপিএস শিক্ষকদের সরকারি ব্যবস্থাপনার আওতায় আনার সরকারি সিদ্ধান্তের ফলে তারাও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সমান বেতন-ভাতা পাওয়ার কথা, যা এখনো বাস্তবায়নাব্যয়ী আছে (বক্স ৯)।

বক্স ৯: শিক্ষকদের বেতন এবং আয়

- শিক্ষকদের পারিশ্রমিকের ক্ষেত্রে একটি শ্রেণি বিভাজন রয়েছে;
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা সর্বোচ্চ পারিশ্রমিক পান (সরকারি বেতন কাঠামোর অন্তর্ভুক্ত) এবং এর পরে আছেন বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা যারা বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে নিয়োগ এবং সরকারি অর্থ সাহায্যের মাধ্যমে বেতন পান;
- নতুন জাতীয় করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের (সাবেক আরএনজিপিএস) শিক্ষকরা এই ধাপের সর্বনিম্নে অবস্থান করছেন। অবশ্য তাদের সরকারি ব্যবস্থাপনার আওতায় আনার সরকারি সিদ্ধান্তে ক্রমশ তাদের অবস্থাও উন্নতির দিকে যাচ্ছে;
- শিক্ষকদের কম বেতনের কারণে তারা শিক্ষকতা ব্যতীত অন্যান্য কাজের মাধ্যমে উপার্জনের দিকে ঝুঁকে যান এবং পরিবারের অন্যান্য সদস্যদের আয়ের উপর নির্ভরশীল হন;
- শিক্ষকদের বাড়তি আয়ের আরেকটি প্রধান উপায় হচ্ছে প্রাইভেট টিউশন বা কোচিং। নিজ স্বার্থে শিক্ষার্থীদের মূল্যপরিশোধ সাপেক্ষে প্রাইভেট পড়ানো শিক্ষকদের পেশাগত দায়িত্ব ও পেশাগত গুরুতর লঙ্ঘন;
- যদি একজন শিক্ষককে তার বেতনের মাধ্যমে চার সদস্য বিশিষ্ট একটি পরিবার দেখাশোনা করতে হয় তাহলে বাংলাদেশে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পারিবারিক গড় আয় দারিদ্র সীমার নিকটবর্তী (জনপ্রতি ১.২৫ মার্কিন ডলার বা ১০০টাকা প্রতিদিন);
- তাই এখানে বিস্ময়ের অবকাশ নেই যে, শিক্ষকদের স্বামী/স্ত্রী বা অন্যান্য সদস্যদেরও আয় বৃদ্ধির জন্য কাজ করতে হয়। একমাত্র কারণ না হলেও শিক্ষকদের নিম্ন পেশাদারিত্ব, নিম্ন কৃতি এবং শিক্ষার্থীদের দুর্বল শিখন অর্জনের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ কারণ।

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকুরির মেয়াদ বৃদ্ধির সাথে সাথে বেতন বৃদ্ধি পায় যা মানব সম্পদ ব্যবস্থাপনার মৌলিক নীতির সাথে সঙ্গতিপূর্ণ। কিন্তু বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য নয়। তাদের বেতন চাকুরির মেয়াদের সাথে বৃদ্ধি পায়না। তাদের বেতন পরিবর্তন হয় শুধুমাত্র সরকারি চাকুরিজীবীদের বেতন কাঠামো পরিবর্তিত হলে যা সাধারণত কয়েক বছর পর পর করা হয়। তদুপরি, সরকারি চাকুরিজীবীদের বেতন কাঠামো পরিবর্তনের সুবিধাদি ধীরগতিতে বাস্তবায়িত হয় এবং বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা এর অংশ বিশেষ পেয়ে থাকেন। এটি পেশাগত উন্নয়ন ও উন্নত কৃতির জন্য প্রণোদনা হিসেবে বিবেচিত হতে পারে না।

নমুনা জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য নির্দেশ করে যে, শিক্ষকদের কম বেতনের কারণে তারা শিক্ষকতা ব্যতীত অন্যান্য কাজের মাধ্যমে উপার্জনের দিকে আকৃষ্ট হন এবং পরিবারের অন্যান্য সদস্যদের আয়ের উপর নির্ভরশীল হন। প্রাপ্ত তথ্য থেকে দেখা যায়, তুলনামূলকভাবে ভাল বেতন-ভাতাদির কারণে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা অন্যান্য কাজের উপার্জনের উপর কম নির্ভরশীল। শিক্ষকদের কম বেতনের সাথে সামঞ্জস্য বিধানের একটি পথ হচ্ছে বাড়ি ভাড়া বাবদ ব্যয় হ্রাস করা, যা একটি পরিবারের জন্য বৃহৎ ব্যয় খাত। বেশির ভাগ শিক্ষক নিজ বা পরিবারের মালিকানাধীন বাড়িতে বাস করেন। এই বিষয়টি নিশ্চিত ভাবেই নিয়োগ, পদায়ন ও বদলীর ক্ষেত্রে সীমাবদ্ধতা সৃষ্টি করে (বক্স ৯)।

শিক্ষকদের আয় বৃদ্ধির আরেকটি প্রধান উপায় হচ্ছে ব্যক্তিগতভাবে বা ব্যক্তি মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান গঠন করে প্রাইভেট টিউশন বা কোচিং এর সাথে সংশ্লিষ্ট হওয়া। নিজস্বার্থে শিক্ষার্থীদের মূল্য পরিশোধ সাপেক্ষে প্রাইভেট পড়ানো শিক্ষকদের পেশাগত দায়িত্ব ও পেশাগত নৈতিকতার গুরুতর লঙ্ঘন।

সার্বিকভাবে, উপসংহারে বলা যায়, শিক্ষকরা শিক্ষক হিসেবে তাদের প্রাপ্ত বেতন-ভাতা দিয়ে তাদের পরিবারের ব্যয় নির্বাহে সমর্থ-নন। তাঁরা তাদের স্বামী/স্ত্রীর আয় এমনকি পরিবারের অন্য সদস্যদের আয়ের উপরও নির্ভরশীল থাকেন। শিক্ষকরা এবং তাদের পরিবারের সদস্যরা জীবনধারণের উপযোগী উপার্জনের জন্য নানাবিধ আয়মূলক কর্মকাণ্ডে জড়িত থাকেন। সবক্ষেত্রে প্রধান উপায় না হলেও, প্রাইভেট টিউশন/কোচিং শিক্ষকদের আয় বর্ধনের একটি অন্যতম উপায়। নিজস্ব বাড়িতে বসবাসের মাধ্যমে বাড়িভাড়া বাবদ ব্যয় হ্রাস করা তাদের পরিস্থিতি মোকাবেলা প্রক্রিয়ার অংশ। কিন্তু এর অর্থ এটিও হতে পারে যে এর ফলে তাদের বেশি দূর থেকে বিদ্যালয়ে যাতায়াত করতে হয় এবং সে জন্য তাদের বেশি সময় ব্যয় করতে হয়, যে সময়টুকু তারা তাদের পেশাগত দায়িত্ব পালনে ব্যয় করতে পারতেন।

যদি একজন শিক্ষককে তার বেতনের মাধ্যমে চার সদস্যবিশিষ্ট একটি পরিবারের ভরণপোষণ করতে হয় তাহলে বাংলাদেশে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের গড় আয় দারিদ্র সীমার নিকটবর্তী (জনপ্রতি ১.২৫ মার্কিন ডলার বা ১০০ টাকা প্রতিদিন)। তাই বিশ্লেষণের অবকাশ নেই যে শিক্ষকদের স্বামী/স্ত্রী বা অন্যান্য সদস্যদেরও আয় বৃদ্ধির জন্য কাজ করতে হয়। একমাত্র কারণ না হলেও এই ব্যাপারটি শিক্ষকদের নিম্ন পেশাদারিত্ব, নিম্ন কৃতি এবং ফলশ্রুতিতে শিক্ষার্থীদের দুর্বল শিখন অর্জনের একটি গুরুত্বপূর্ণ কারণ।

২০১৫ সালে অনুমোদিত অষ্টম জাতীয় বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকসহ সরকারি চাকুরীদের বেতন দ্বিগুণ পর্যন্ত বৃদ্ধি পাবে। এমপিওভুক্ত শিক্ষকরাও এই বৃদ্ধি থেকে কিছু সুবিধা ভোগ করবেন। কিন্তু এই সিদ্ধান্তে অন্যান্য সরকারি কর্মচারীদের বেতনের তুলনায় শিক্ষকদের পারিতোষিকের আপেক্ষিক অবস্থানে পরিবর্তন আসবে না।

জ. শিক্ষকদের কৃতি মূল্যায়ন ও পেশাগত সহায়তা

নমুনা শিক্ষকরা প্রধান শিক্ষক, সহকারি প্রধান শিক্ষক, উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারি উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা রিসোর্স সেন্টার ইন্সট্রাক্টর, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি সদস্য এবং জেলা পর্যায়ের কর্মকর্তাসহ বিভিন্ন ধরনের ব্যক্তিবর্গকে তাদের কাজের

মূল্যায়নকারী হিসেবে উল্লেখ করেছেন। শিক্ষকদের দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে এবং শিক্ষার্থীদের ভাল ফলাফল অর্জনের ক্ষেত্রে এত বিপুল সংখ্যক তত্ত্বাবধায়ক ও মূল্যায়নকারী কি ভূমিকা রাখছেন তা বিবেচনার বিষয়। শিক্ষার মানের প্রশ্নে যে সমাধান সবসময় দেওয়া হয় তা হচ্ছে, বিদ্যালয়ের জন্য শক্তিশালী তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও মূল্যায়ন দ্বারা বিদ্যালয়ের মান ও ফলাফলে উন্নয়ন ঘটতে হবে। কিন্তু এক্ষেত্রে বেশ কিছু প্রশ্ন থেকে যায়। বিভিন্ন তত্ত্বাবধায়ক ও মূল্যায়নকারীরা কি শিক্ষকদের একই ধরনের বার্তা দিচ্ছেন? শিক্ষকদের যে সব পরামর্শ ও সহায়তা দেওয়া হয় সেখানে কি ধারাবাহিকতা বজায় থাকে? তত্ত্বাবধান ও মূল্যায়নের ফলে কোন পরিবর্তন ঘটছে কি না তা দেখার জন্য কোনো ফেলো-আপ প্রক্রিয়া আছে কি? এবং এই ব্যবস্থায় শিক্ষকদের জন্য কোনো নিরাময়মূলক ব্যবস্থা রয়েছে কি? পূর্বেক্ত আলোচনা থেকে দেখা যাচ্ছে যে, এই প্রশ্নগুলোর উত্তর বেশিরভাগ ক্ষেত্রেই ইতিবাচক নয় (বক্স ১০)।

এছাড়া যাদেরকে তত্ত্বাবধান ও মূল্যায়নের দায়িত্ব অর্পণ করা হচ্ছে তাদের দক্ষতা, সামর্থ্য ও যোগ্যতার বিষয়টিও বিবেচনার বিষয়। এই দায়িত্বপ্রাপ্তদের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য কতটুকু এবং কি পদক্ষেপ নেয়া হয়েছে? এগুলো সবই শিক্ষকদের তত্ত্বাবধান ও সহায়তার মূল্য ও উপযোগীতা বৃদ্ধির উদ্দেশ্যে নির্ধারকদের বিবেচনার জন্য প্রাসঙ্গিক প্রশ্ন।

শিক্ষকদের চলমান পেশাগত সহায়তা ও পরামর্শ প্রদানের জন্য বর্তমান ব্যবস্থা কি পর্যাপ্ত? নমুনা জরিপে প্রাপ্ত মূল্যায়ন/তত্ত্বাবধান সংক্রান্ত জবাব থেকে হয়তো বাস্তবতার নির্ভরযোগ্য পরিমাপ পাওয়া যাবেনা, কিন্তু এ থেকে কি ঘটছে তার একটি ধারণা পাওয়া যায়। শিক্ষকদের মতামত অনুযায়ী প্রায় এক তৃতীয়াংশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক প্রতি সপ্তাহে কোনো না কোনো ধরনের মূল্যায়ন প্রক্রিয়ার মধ্যে দিয়ে যান। নতুন জাতীয়করণকৃত বিদ্যালয়ের ক্ষেত্রে এই হার ২৬ শতাংশ এবং মাধ্যমিক বিদ্যালয়ে ৪৪ শতাংশ। এর মধ্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের সাথে মিথস্ক্রিয়াও অন্তর্ভুক্ত আছে। এই তথ্য নির্দেশ করে যে, বেশিরভাগ শিক্ষকেরই এ ধরনের সাপ্তাহিক মূল্যায়ন/তত্ত্বাবধান করা হয়না।

৫. দলীয় আলোচনা থেকে প্রাপ্ত অংশীজনের পরামর্শ

ক. মানসম্মত শিক্ষকের বৈশিষ্ট্য

বিষয়জ্ঞান: নির্ধারিত শিক্ষণ বিষয়ে শিক্ষকদের পর্যাপ্ত বিষয়-জ্ঞান থাকতে হবে। প্রাথমিক পর্যায়ে বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োগের ব্যবস্থা নেই। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের জন্য

বক্স ১০: শিক্ষকের মূল্যায়ন ও তত্ত্বাবধান

শিক্ষকরা প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা রিসোর্স সেন্টার ইন্সট্রাক্টর, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি সদস্য এবং জেলা পর্যায়ের কর্মকর্তাসহ বি-পুল সংখ্যক ব্যক্তিবর্গকে তাদের কাজের তত্ত্বাবধায়ক ও মূল্যায়নকারী হিসেবে উল্লেখ করেছেন।

১. শিক্ষকদের এত বেশি তত্ত্বাবধান ও মূল্যায়ন প্রক্রিয়ার মুখোমুখি হওয়ার বিষয়ে কিছু প্রশ্ন তৈরি হয়:

- নিয়োজিত ব্যক্তিবর্গ সকলেই কি জ্ঞান ও দক্ষতা সম্পন্ন?
- তাদের কি সঠিক ব্যক্তিত্ব এবং শ্রেণণা রয়েছে?
- তারা কি শিক্ষকদের সঙ্গতিপূর্ণ বার্তা দিচ্ছেন?
- এটি কি কোনো পার্থক্য তৈরি করছে?
- মূল্যায়ন কি পুরস্কার ও প্রণোদনার সাথে সম্পর্কিত?

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

(ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত) বিজ্ঞান ও গণিত উভয় বিষয়ের জন্য একজন শিক্ষক, সামাজিক বিজ্ঞান বিষয়ের জন্য একজন, কৃষি ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ের জন্য একজন, ধর্ম বিষয়ের জন্য একজন এবং শারীরিক শিক্ষা বিষয়ের জন্য একজন করে বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োগের ব্যবস্থা রয়েছে। মাধ্যমিক বিদ্যালয়ে (ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত) বিজ্ঞান ও গণিত, আইসিটি, কৃষি, ধর্ম ও শারীরিক শিক্ষার মত কয়েকটি বিষয়ের জন্য বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োগ হয়। বাংলা, ইংরেজি, সামাজিক বিজ্ঞান ও বিজনেস স্টাডিজ বিষয়ের সহকারী শিক্ষক নিয়োগ একই গুচ্ছের মাধ্যমে হয় এবং এক্ষেত্রে নির্ধারিত বিষয়ভিত্তিক শিক্ষাগত যোগ্যতার ব্যবস্থা বর্তমানে নেই।

প্রশিক্ষণ: শিক্ষকদের পর্যাপ্ত প্রশিক্ষণ থাকতে হবে। যদিও প্রাথমিক স্তরে প্রশিক্ষিত শিক্ষকের ক্ষেত্রে বিরাট অগ্রগতি ঘটেছে কিন্তু মাধ্যমিক পর্যায়ে শিক্ষক প্রশিক্ষণে আরো মনোযোগ দিতে হবে।

উচ্চ শিক্ষা ও মেধা: কিছু বিতর্ক থাকলেও এটি ব্যাপকভাবে গৃহীত যে, সনদপ্রাপ্তির পরীক্ষায় নিচু মানের ফলাফল (অর্থাৎ, ৩য় শ্রেণি/বিভাগ) কম ধীশক্তি এবং কম শেখার ক্ষমতা ইঙ্গিত করে। শিক্ষকতা শুধু জ্ঞান বিতরণ করা নয়; শিক্ষকতা মূল্যগতভাবে একটি জ্ঞান অন্বেষণের পেশা। শিক্ষকতায় ভাল করার জন্য শিক্ষকদের দ্রুত নতুন অনেক কিছু শিখতে হয়। প্রাথমিক পর্যায়ে কোনটি প্রয়োজন, কম মেধাবী কিন্তু উচ্চ ডিগ্রীধারী শিক্ষক নাকি বেশি মেধাবী কিন্তু মাঝারি শিক্ষিত শিক্ষক তা একটি তর্ক সাপেক্ষ বিষয়।

শিক্ষণ পদ্ধতি: শিক্ষকদের শিক্ষাদান পদ্ধতি সম্পর্কে দক্ষ হতে হবে। তারা একটি আনন্দময় পরিবেশ তৈরি করে শিক্ষার্থীদের পাঠদান করবেন এবং দুর্বল শিক্ষার্থীদের নিয়ে কিভাবে কাজ করতে হবে তা তাদের জানতে হবে।

ব্যক্তিগত বৈশিষ্ট্য: অংশগ্রহণকারীগণ শিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন ব্যক্তিগত বৈশিষ্ট্য উল্লেখ করেছেন যেমন: আত্মবিশ্বাসী, সৎ, সময়নিষ্ঠ, ধৈর্যশীল, দেশপ্রেমিক, উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ ব্যক্তিত্ব ইত্যাদি (বক্স ১১)।

বক্স ১১: মানসম্মত শিক্ষকের বৈশিষ্ট্য

১. তথ্য প্রযুক্তি জ্ঞান: ভবিষ্যতে শিক্ষকদের অবশ্যই আইসিটি বিষয়ে যথেষ্ট জ্ঞান থাকতে হবে যা, ব্যবহার করে তাঁরা শ্রেণীকক্ষে পাঠদানে ও ডিজিটাল বিষয়বস্তু (Content) তৈরি করতে পারেন।
২. বিষয় জ্ঞান: শিক্ষক যেসব বিষয়ে পাঠদান করবেন সে সব বিষয়ে তার সঠিক জ্ঞান থাকতে হবে।
৩. উচ্চশিক্ষিত ও মেধাবী: ভবিষ্যতের শিক্ষকগণ উচ্চশিক্ষিত ও মেধাবী হবেন।
৪. এ্যাডভোকেসির বিষয়: দুর্নীতি বন্ধ, স্বচ্ছ নিয়োগ, পদোন্নয়নের পথ ও শিক্ষানীতির বাস্তবায়ন।

সূত্র: দ্রুত নমুনা জরিপ ২০১৫

খ. মানসম্মত শিখন-শেখানো কার্যাবলী ও মানসম্মত একীভূত শিক্ষার প্রধান বাধাসমূহ

শিক্ষক স্বল্পতা: শিক্ষক ঘাটতি মানসম্মত শিখন-শেখানো কার্যক্রম বাস্তবায়নে একটি প্রধান উদ্বেগের বিষয়। সরকার প্রাথমিক বিদ্যালয়ে পর্যাপ্ত শিক্ষক নিয়োগের চেষ্টা করছে, কিন্তু এমপিও সংক্রান্ত জটিলতার কারণে মাধ্যমিক বিদ্যালয়গুলোকে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। গ্রামীণ প্রাথমিক বিদ্যালয় বিশেষ করে প্রত্যন্ত অঞ্চল যেমন হাওর, চর এলাকা ও পাহাড়ি এলাকায় শিক্ষক থাকতে চান না। কিছু কিছু শিক্ষক তাদের অনুপস্থিতিতে পাঠদানের জন্য "প্রক্সি বা বদলী" শিক্ষক নিয়োগ করেন।

